

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং : ০১/২০১৭

তারিখ : ৩০ মার্চ ২০১৭
১৬ চৈত্র, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

পিএসডি সার্কুলার নং ০১/২০১৬ এবং ০৩/২০১৬ আংশিক সংশোধন প্রসঙ্গে।

১৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং ০১/২০১৬ এবং ০৮ মার্চ, ২০১৬ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং ০৩/২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পিএসডি সার্কুলার নং ০১/২০১৬ এর ৪ নং ধারাটি নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ

“যে সকল ব্যাংকের ২০টি বা ততোধিক এটিএম রয়েছে সে সকল ব্যাংক প্রতি মাসে কমপক্ষে ২০টি এটিএম এবং যে সকল ব্যাংকের ২০টির কম এটিএম রয়েছে সে সকল ব্যাংক প্রতি মাসে সবগুলো এটিএম নিরীক্ষা করে নিরীক্ষা প্রতিবেদন নির্ধারিত ফরম্যাটে নূন্যতম এক বছরের জন্য নিজস্ব ব্যবস্থাপনায় সংরক্ষণ করবে।”

এছাড়াও পিএসডি সার্কুলার নং ০৩/২০১৬ এর ১ নং ধারায় উল্লিখিত “একইসাথে POS-এ Manual Key Entry Mode রহিত করা হলো” বাক্যটি নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ

“একইসাথে অনলাইনে হোটেল বুকিং ব্যতীত অন্য সকল ক্ষেত্রে POS-এ Manual Key Entry Mode রহিত করা হলো। ব্যাংকসমূহ হোটেল নির্বাচনের ক্ষেত্রে উক্ত হোটেলে অনলাইন বুকিং এর প্রয়োজনীয়তাসহ নিরাপত্তার বিষয়সমূহ সতর্কতার সহিত বিবেচনা করবে। প্রত্যেকটি হোটেলে একটি ব্যাংক কর্তৃক শুধুমাত্র একটি POS এ Manual Key Entry Mode চালু রাখা যাবে।”

এছাড়া পিএসডি সার্কুলার নং ০১/২০১৬ ও ০৩/২০১৬ এর অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৪